গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০
www.sreda.gov.bd

**স্মারক নম্বর:** ২৭.০২.০০০০.০০০.০৩১.১৬.০০২৮.১৭.১৮

তারিখ: ৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে নেট মিটারিং রুফটপ সোলারের ইতোপূর্বে এন্ট্রিপ্রদানকৃত ডাটাসমূহ যাচাইযান্তে হালনাগাদকরণ এবং নতুন প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত ইউনিক এন্ট্রি প্রদানের ব্যবস্থাগ্রহণ**

সূত্র: ১। স্রেডার স্মারক নম্বর: ২৭.০২.০০০০.০৩০.১৬.০২৮.১৭.২১৫২; তারিখ: ১২ ডিসেম্বর ২০১৯
২। স্রেডার স্মারক নম্বর: ২৭.০২.০০০০.০৩০.১৬.০২৮.১৭.২১৪৪; তারিখ: ৩০ জুন ২০২০

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, দেশের নবায়নযোগ্য জ্বালানি সংক্রান্ত কার্যক্রম ও অর্জনসমূহের প্রকৃত তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করার জন্য সরকারের দায়িত্বপ্রাপ্ত সংস্থা কর্তৃক "স্রেডা" জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজ www.renewableenergy.gov.bd ওয়েব ঠিকানায় ২০১৬ সালে চালু করা হয়েছে এবং সময় সময় সফটওয়্যার ভার্সন হালনাগাদ করা হয়েছে। নবায়নযোগ্য জ্বালানি কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কোম্পানী থেকে প্রদানকৃত তথ্যের ভিত্তিতে সমগ্র বাংলাদেশের জন্য একটি কেন্দ্রীয় নবায়নযোগ্য জ্বালানি তথ্যভান্ডার হিসেবে উক্ত ডাটাবেইজটি প্রস্তুত করা হয়েছে, যা দেশে এবং বিদেশে একটি গ্রহণযোগ্য ডাটা সোর্স হিসেবে ব্যবহৃত হচ্ছে। ডাটাবেইজটি নবায়নযোগ্য জ্বালানি ক্ষেত্রে সরকারের অর্জন হিসেবে প্রদর্শিত হচ্ছে। ইতিপূর্বে সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে এ ডাটাবেইজে নিয়মিত তথ্য এন্ট্রির জন্য বিতরণ ইউটিলিটিগুলোতে অনুরোধ জানানো হয়েছে। ডাটাবেইজে বিতরণ ইউটিলিটিগুলো কর্তৃক এন্ট্রি প্রদানকৃত তথ্যগুলো পর্যালোচলান্তে কিছু ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। এর মধ্যে এন্ট্রি ট্রেস করার মত গ্রাহক নম্বর বা গ্রাহকের নাম উল্লেখ না থাকা; ভুল জিও লোকেশন (Latitude, Longitude) প্রদান করা; Project Director/Responsible Person এর নাম পদবী, মোবাইল নম্বর প্রদান না করা; বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির লোকাল অফিস (PBS/NOCS/S&D)-এর তথ্য সুস্পষ্টভাবে প্রদান না করা; দ্বৈত ডাটা এন্ট্রি করা উল্লেখ্যযোগ্য।

২। **'নেট মিটারিং নির্দেশিকা-২০১৮'** এর পরিশিষ্ট-৪ অনুযায়ী চুক্তি স্বাক্ষরিত সকল নবায়নযোগ্য জ্বালানি বা রুফটপ সোলার প্রকল্পের তথ্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে অনতিবিলম্বে ইউনিক এন্ট্রি প্রদান করবে। তবে সোলার ইরিগেশন পাম্পে নেট মিটারিং এর ক্ষেত্রে তা সোলার ইরিগেশন পাম্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সোলার ইরিগেশন ক্যাটাগরিতে জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে এন্ট্রি প্রদান করা হবে। জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে এন্ট্রি প্রদানের পরে সিস্টেমের একটি ইউনিক পরিচিতি নম্বর (SID) পাওয়া যায়, যা নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের জন্য জাতীয় পরিচয় নম্বর। একটি সিস্টেমের একাধিক এন্ট্রির মাধ্যমে একাধিক SID নম্বর গ্রহণ, অতিরিক্ত সংখ্যা ও ক্যাপাসিটি প্রদর্শন, জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজকে প্রশ্নবিদ্ধ করে এবং সরকারকে ভুল তথ্য প্রদান করে। এ বিষয়ে বিতরণ ইউটিলিটিগুলোর ডাটা এন্ট্রি কর্মকর্তাগণের কার্যক্রম নবায়নযোগ্য জ্বালানি ইউনিট বা পরিদপ্তর হেড কর্তৃক মনিটরিং করা প্রয়োজন। এছাড়া নেট মিটারিং রুফটপ সোলারের ডাটা এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করা প্রয়োজন।

ক) নেট মিটারিং নির্দেশিকার পরিশিষ্ট-৪ অনুযায়ী চুক্তির আলোকে OPEX Investor এবং Solar Project Developer এর তথ্য (যেমন: Stakeholder ID, Name, NID) প্রদান করতে হবে। CAPEX মডেলে

Solar Project Developer হবে সংশ্লিষ্ট বিদ্যুৎ গ্রাহক এবং OPEX মডেলের ক্ষেত্রে Solar Project Developer হবে সংশ্লিষ্ট OPEX বিনিয়োগকারী প্রতিষ্ঠান।

খ) বিদ্যুৎ গ্রাহকের Recommendation Letter এর ভিত্তিতে সংশ্লিষ্ট প্রকল্পের EPC প্রতিষ্ঠান, Last-Mile Financial Distributors, Primary Fund Allocators এর তথ্য প্রদান করতে হবে।

গ) প্রতিটি সিস্টেমের ক্ষেত্রেই বিদ্যুৎ গ্রাহকের নাম, গ্রাহক নম্বর, অপশন থেকে প্রাপ্ত উপযুক্ত শ্রেণী, গ্রাহকের ভোল্টেজ লেভেল, গ্রাহকের বরাদ্দকৃত লোড এবং এই প্রকল্পের বাস্তবায়ন মডেল (CAPEX/OPEX) সুস্পষ্টভাবে এন্ট্রি প্রদান করতে হবে।

ঘ) একটি গ্রাহক নম্বরের অনুকূলে একাধিক এন্ট্রি প্রদান করা যাবে না। ক্যাপাসিটি বৃদ্ধি/হ্রাসের ক্ষেত্রে বিদ্যমান এন্ট্রি হালনাগাদ করতে হবে।

ঙ) প্রতিটি প্রকল্পের ক্ষেত্রেই প্রকল্পের DC ক্যাপাসিটি এবং AC ক্যাপাসিটি পৃথকভাবে এন্ট্রি প্রদান করতে হবে।

চ) নেট মিটারিং নির্দেশিকার পরিশিষ্ট-৪ অনুযায়ী চুক্তি স্বাক্ষরের তারিখ COD হিসাবে গণ্য হবে, যা ডাটাবেইজে এন্ট্রি প্রদান করতে হবে।

ছ) প্রকল্পের স্পেসিফিক ট্রেসেবল লোকেশন সংশ্লিষ্ট ফিল্ডে উল্লেখ করতে হবে। Latitude এবং Longitude প্রকল্প লোকেশনের হতে হবে, যা দশমিকের পর ৬ ডিজিট পর্যন্ত Accuracy নিশ্চিত করতে হবে।

জ) ডাটাবেইজে এন্ট্রি প্রদানের সময় Project Director/Responsible Person এর নাম পদবী, মোবাইল নম্বর'সহ প্রয়োজনীয় তথ্য এন্ট্রি প্রদান করতে হবে।

ঝ) Inverter এবং ESS এর তথ্য গ্রাহক থেকে প্রাপ্ত সিস্টেম চেকলিস্ট (নির্দেশিকার পরিশিষ্ট-৩) হতে ডাটাবেইজে এন্ট্রি প্রদান করতে হবে।

ঞ) বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির লোকাল অফিস (PBS/NOCS/S&D)-এর তথ্য সুস্পষ্টভাবে প্রদান করতে হবে।

ট) সোলার ইরিগেশন প্রকল্পে নেট মিটারিং এর ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে, বিতরণ ইউটিলিটি কর্তৃক তা এন্ট্রি প্রদান করা যাবে না। সোলার ইরিগেশন বাস্তবায়নকারী প্রতিষ্ঠান তা এন্ট্রি প্রদান করবে এবং সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির নাম অন্তর্ভূক্ত করবে।

৩। বর্ণিত প্রেক্ষাপটে জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজকে নির্ভরযোগ্য ও সমৃদ্ধ করতে আপনার একান্ত সহযোগিতা প্রয়োজন। ইতোপূর্বে এন্ট্রিপ্রদানকৃত নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের তথ্যগুলো যাচাই করে আগামী ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে হালনাগাদকরণ এবং নতুন প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত ইউনিক এন্ট্রি প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:


১। নমুনা ডাটা এন্ট্রি পেইজ।

২। ৬টি ইউটিলিটির ডাটা এন্ট্রির জন্য নির্ধারিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Data Entry of Large Project _ National Database of Renewable Energy

(২) RE Focal Points and Agency User



১৬-০৪-২০২৫
মো: মুজিবুর রহমান
পরিচালক (নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন)
০২৫৫১১০৩৪০
dir.re@sreda.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা-১০০০।

২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)।

৫। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)।

৬। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

**স্মারক নম্বর:** ২৭.০২.০০০০.০০০.০৩১.১৬.০০২৮.১৭.১৮/১ (৮)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, নবায়নযোগ্য জ্বালানি উইং , টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)।

২। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।

৩। পরিচালক, সাসটেইন্যাবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট (SFD), বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।, [সকল ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের স্ব-স্ব অর্থায়নকৃত প্রকল্প গুলোতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম যথাযথভাবে আসছে কিনা, তা দেখে নেয়ার জন্য পত্রের অনুলিপি সকল ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান বরাবর অগ্রায়নের ব্যবস্থাগ্রহণের অনুরোধ করা হলো]।


৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

৫। গভর্নর মহোদয়ের ব্যক্তিগত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

৬। সহকারী পরিচালক, লজিস্টিক্স এন্ড প্রটোকল শাখা, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) [স্রেডার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ’সহ]।

৭। প্রোগ্রাম এসোসিয়েট গ্রেড-১, চেয়ারম্যানের দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)।

৮। অফিস কপি, ।



১৬-০৪-২০২৫
মো: মুজিবুর রহমান
পরিচালক

# SREDA | National Database of Renewable Energy




Home Report Insert/Edit Data RE Large Projects RE Small Projects RE Large Projects on Map Stakeholder Solar E-desk Log Out

## Data Entry page of **RE Large Project**

| | | | |
|---|---|---|---|
| RE Technology Type | : | Net Metering Rooftop Solar | *All Net Metering items except Solar Irrigation Pumps will be included. Solar Irrigation Pumps will be categorized separately under **Solar Irrigation**.* |
| Grid Status | : | Grid tied | *Select the power generation type* |
| System Name | : | will be generated automatically | *This field will be generated automatically for **Net Metering Rooftop Solar** (**filter**)* |
| DC Capacity | : | DC capacity kWp | *Insert the **DC capacity** of the system and select the unit. For a solar system, it is the **summation of solar modules**.* |
| AC Capacity | : | AC capacity kW | *Insert the **AC capacity** of the system and select the unit. For a solar system, it is the **contracted AC capacity**.* |
| Commercial Operation Date (COD) | : | mm/dd/yyyy | *Select the **COD** of the project* |
| Present Status | : | Select the Present Status | *Select the **present status** of the project* |
| Important Information of this Project | : | Consumer Name Insert the Consumer Name<br>Consumer Number Insert the Consumer Number<br>Select the Consumer Class<br>Select the Voltage Level of Consumer<br>Sanctioned Load in kW Insert the Sanctioned Load in kW<br>Select the Rooftop Solar Implementation Model | *Give input and Select right option for this project* |
| | | | |
| Implementing Agency | : | **Electricity Distribution Utility** | *Your organization has been selected as the implementing agency* |
| Sub-Agency or Program | : | Select the Sub-Agency/Program | *Select option will be available only for agency users and it will be fixed for sub-agency users* |
| Financing: Last-Mile Financial Distributors | : | Select the Last-Mile Financial Distributors | *Select the name of the Last-Mile Financial Distributors or select Own Investment* |
| Financing: Primary Fund Allocators | : | Select the Primary Fund Allocators | *Select the name of the Primary Fund Allocators or select Own Investment* |
| Solar Project Developer/Electricity Consumer (if not person), StakeID | : | Stakeholder ID For Company/Organization<br>NID Number NID For Individual Person | *Insert Stakeholder ID number from the Stakeholder database (STDB). To view, Click here. Sign-up option is available at the bottom of STDB.*<br>*Insert **0** if unknown/not relevant. You may update these fields later.* |
| OPEX Investor (RESCO) Company, StakeID | : | Stakeholder ID | |
| EPC Company, StakeID | : | Stakeholder ID | |
| Project Director/Responsible Person | : | Name, Designation<br>Mobile Phone, eg. 017..... | *Insert the Name (**filter name, filter mobile**)* |
| | | | |
| Latitude, Longitude | : | LAT LON | *Insert the geolocation. Example: 23.123456, 90.123456. Ensure six digits after the decimal point.* |
| Division | : | Select the Division | *Select the Division* |
| District | : | | *Select the District* |
| Upazila/City | : | | *Select the Upazila/City* |
| Village, Union/Street, Area | : | Specific traceable location | *Insert Village, Union or Street, Area (**filter**)* |
| Special Note, if any | : | Additional information that is not covered in the above fields | *Some information, like intermediate financer, additional contributors (EPC), modification or upgradation records, etc. (**filter**)* |

☐ I confirm that all of the above information is correct and not duplicated.

Reset

Insert data into the National Database of Renewable Energy (NDRE)

Planning and Development by **PRAJUKTI DOT** [www.prajukti.net]
Visit # 24436665

# SREDA | National Database of Renewable Energy




Home | Report | RE Large Projects | RE Small Projects | RE Large Projects on Map | Sub-district wise | RE Stakeholder | Solar E-desk | NEM Program | Log In

## RE Focal Points and Agency User of National Database of Renewable Energy: 76

| SL. | Short Name of Org. | Name | Designation | Organization | Email | Phone | Sub-Org/Pro | Sub-User |
|---|---|---|---|---|---|---|---|---|

| SL. | Short Name of Org. | Name | Designation | Organization | Email | Phone |
|---|---|---|---|---|---|---|
| 1. | BPDB | Naznin Nahar Nipu *[User ID: 83*] | Assistant Engineer | Bangladesh Power Development Board | solarprojects.bpdb@gmail.com | 01876896054 |
| 2. | BPDB | Eratosh Chakma *[User ID: 273*] | Assistant Engineer | Bangladesh Power Development Board | code1499@gmail.com | 01889205047 |
| 3. | BREB | Mst. Sultana Razia *[User ID: 239*] | Assistant Engineer | Bangladesh Rural Electrification Board | renewable_reb@yahoo.com | 01840790982 |
| 4. | BREB | Md. Naimuzzaman *[User ID: 238*] | Assistant Engineer | Bangladesh Rural Electrification Board | naim.9m@gmail.com | 01748959549 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 5. | DPDC | Md zahirul Karim *[User ID: 252*] | Superintendent Engineer | Dhaka Power Distribution Company Ltd. | zahir@dpdc.org.bd | 01730335256 |
| 6. | DPDC | Md. Golam zakaria *[User ID: 251*] | Assistant Engineer | Dhaka Power Distribution Company Ltd. | gholam.zakaria@dpdc.org.bd | 01713850627 |
| 7. | DESCO | A. T. M. Rasel Ahsan *[User ID: 280*] | Executive Engineer, Monitoring Cell | Dhaka Electric Supply Company Limited | rasel@desco.gov.bd | 01755637537 |
| 8. | WZPDCL | Md. Motiur Rohman *[User ID: 240*] | Sub-Divisional Engineer | West Zone Power Distribution Company Limited | sde3.scp@wzpdcl.gov.bd | 01713850202 |
| 9. | NESCO | Md. Zahidul Islam [User ID: 287] | Assistant Engineer (System Planning), Sustainable & Renewable Energy Unit | Northern Electric Supply Company Ltd. | xen.rse@nesco.gov.bd | 01701306872 |